**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার জনজাতিদের অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়নের জন্য নিরলসভাবে কাজ করছে।**

**(২) জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, ভি বি জি রাম জি আইনে ডিজিটাল অডিটের ব্যবস্থা থাকায় কাজ প্রদানে স্বচ্ছতা বজায় থাকবে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত দেখিয়েছে যে গণতান্ত্রিক প্রতিষ্ঠান এবং গণতান্ত্রিক প্রক্রিয়া গণতন্ত্রকে – স্থিতিশীলতা, গতি এবং মাত্রা প্রদান করে।**

**(৪) আবহাওয়ার সঠিক ও দ্রুত তথ্য আদান প্রদানে সেরা রাজ্যের পুরস্কার পেয়েছে ভারতীয় আবহাওয়া দপ্তরের আগরতলা শাখা।**

**(৫) রাজ্যের সোনার মেয়ে অর্শিয়া দাস মহিলা আন্তর্জাতিক মাস্টার হওয়ার পথে আরো এক ধাপ এগিয়ে গেলো।**

********************************************

**Tharlak Kut :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার জনজাতিদের অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়নের জন্য নিরলসভাবে কাজ করছে। আজ কুমারঘাটের দারচৈয়ে দুদিনব্যাপী রাজ্যভিত্তিক ডার্লং থার্লাক কুট উৎসবের সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে একথা বলেন। তিনি বলেন, রাজ্য সরকারের বাজেটে জনজাতিদের উন্নয়নে বিভিন্ন প্রকল্পের ঘোষণা করা হয়েছে। নাবার্ডের বরাদ্দ অর্থে জনজাতি অধ্যুষিত দূরবর্তী এলাকার রাস্তাঘাট সহ পরিকাঠামো উন্নয়নে কাজ করছে সরকার। এর মাধ্যমে জনজাতিদের

আর্থসামাজিক মানোন্নয়ন করা হচ্ছে। তিনি বলেন, ডার্লংরা শিক্ষা, সংস্কৃতিতে অনেক বেশি এগিয়ে রয়েছেন।

ডার্লং জনগোষ্ঠীর ফসল কাটার উৎসব – থার্লাক কূট উৎসবের চলতি বছরের মূল ভাবনা "সময়ের পালক।" ডার্লং হনাম ইনজম বা D.H.I এর উদ্যোগে তথ্য-সংস্কৃতি এবং জনজাতি কল্যাণ দপ্তর এবং উত্তর-পূর্বাঞ্চল পরিষদ এর সহযোগিতায় রাজ্যভিত্তিক এই উৎসবের আয়োজন। মুখ্যমন্ত্রী তাঁর ভাষণে বলেন, শীতের ফসল ঘরে তোলার উৎসব "থারলাক কূট" উৎসবের মধ্য দিয়ে সংহতি ও সম্প্রীতির সুর বেজে ওঠে। সামনের দিকে এগিয়ে যেতে ও পূর্বপুরুষের সংস্কার-সংস্কৃতির প্রতিও সন্মান প্রদর্শিত হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন আয়োজক সংগঠনের সভাপতি তিনখুমা ডার্লং, সাংগঠনিক কমিটির আহ্বায়ক এইচ, ডার্লং প্রমুখ। উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়, বিধায়ক ভগবান চন্দ্র দাস, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ প্রমুখ। উৎসব উপলক্ষ্যে ডার্লং জনগোষ্ঠীর কৃষ্টি-সংস্কৃতি এবং ঐতিহ্য নিয়ে প্রদর্শনী মন্ডপ খোলা হয়। থারলাক কূট উৎসবে দারলং সম্প্রদায়ের প্রথা মেনে মুখ্যমন্ত্রীকে নিয়ে পালকি করে অনুষ্ঠান স্থল পরিক্রমা করা হয়। অনুষ্ঠানের পর মুখ্যমন্ত্রী সাংবাদিকদের জানান, রাজ্যে আরো ১৫টি একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুল স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে।

***************************

**Press Meet-VB G RAM G :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, ভি বি জি রাম জি আইনে ডিজিটাল অডিটের ব্যাবস্থা থাকায় কাজ প্রদানে স্বচ্ছতা বজায় থাকবে। আজ সোনামুড়ায় বিজেপি মন্ডল কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন, ২০৪৭ সালের মধ্যে দেশকে বিকশিত করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী যে স্বপ্ন দেখছেন সেই লক্ষ্যে পৌঁছানোর ক্ষেত্রে এই আইন কার্যকরী ভূমিকা নেবে। উপস্থিত ছিলেন ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর ঘোষ।

***************************

**Weather Dept Best performance :**

আবহাওয়ার সঠিক ও দ্রুত তথ্য আদান প্রদানে সেরা রাজ্যের পুরস্কার পেয়েছে ভারতীয় আবহাওয়া দপ্তরের আগরতলা শাখা। আজ নয়াদিল্লিতে ভারতীয় আবহাওয়া দপ্তরের ১৫১তম প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে এক অনুষ্ঠানে কেন্দ্রীয় ভূ-বিজ্ঞান মন্ত্রী ডাঃ জিতেন্দ্র সিং এই পুরস্কার প্রদান করেন। আগরতলা আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ পার্থ রায় আজ এই সংবাদ জানিয়েছেন। তিনি বলেন, আগরতলা শাখা অফিসের উদ্যোগেও আবহাওয়া দপ্তরের ১৫১ তম প্রতিষ্ঠা দিবস উদযাপন করা হয়েছে। এই উপলক্ষে আবহাওয়া অফিসে সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের নিয়ো মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। তিনি বলেন, আবহাওয়ার পূর্বাভাস সংকলনে আগরতলা আবহাওয়া দপ্তর গুরুত্বপূর্ণ ভুমিকা নেয়। আগরতলা আবহাওয়া দপ্তরের অধিনে ৩০টি স্বয়ংক্রিয় আবহাওয়া ষ্টেশন, ১২টি স্বয়ংক্রিয় বৃষ্টি পরিমাপ ষ্টেশন ও ৩৪টি ম্যানুয়াল বৃষ্টি পরিমাপ ষ্টেশন রয়েছে। আগরতলায় একটি ওয়েদার ডপলার রাডার রয়েছে। আগামী বর্ষা মরশুমের আগেই বিলোনিয়ায় আরও একটি এধরনের ডপলার রাডার ষ্টেশন গড়ার পরিকল্পনা নেওয়া হয়েছে।

*************************

**VB-G RAM G-North :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী শান্তনা চাকমা আজ ধর্মনগরে বিজেপি কার্যালয়ে অটল ভবনে এক সাংবাদিক সম্মেলনে বলেন, ভিবি জি রাম জি আইনের ফলে শ্রমজীবিদের আর্থিক নিরাপত্তা বৃদ্ধি পাবে ও পরিযায়ী শ্রমিক হওয়ার প্রবণতা কমবে। নারী শ্রমিকরা সমান মজুরি পাবেন। কর্মস্থলে পানীয় জল, বিশ্রাম, নিরাপত্তা ও চিকিৎসা সহায়তার ব্যবস্থাও করা হবে। এই আইনের মাধ্যমে নিয়মিত আয়ের ফলে শ্রমিকদের পরিবারে খাদ্য, শিক্ষা ও স্বাস্থ্যব্যবস্থার উন্নতি হবে।

*******************************

**Nipa Virus :**

জাতীয় স্বাস্থ্য মিশন – ত্রিপুরার অধিকর্তা সাজু ওয়াহিদ নিপা ভাইরাস নিয়ে জনগণকে অযথা আতঙ্কিত না হওয়ার আহ্বান জানিয়েছেন। আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে তিনি বলেন রাজ্যে এখনো পর্যন্ত এই রোগে আক্রান্ত রোগীর সন্ধান পাওয়া যায়নি। তবে যেহেতু পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশ এই সংক্রমনের প্রভাব রয়েছে তার জন্য নিপা ভাইরাস মোকাবেলায় যাবতীয় প্রস্তুতি নিয়ে রেখেছে স্বাস্থ্য দপ্তর। তাছাড়া আজ স্বাস্থ্য দপ্তরের পর্যালোচনা বৈঠকে প্রত্যেক জেলার চিফ মেডিকেল অফিসারকে এই ভাইরাস মোকাবেলায় যাবতীয় প্রস্তুতি নেওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়। তিনি বলেন, জিবি হাসপাতালে দশ শয্যার আলাদা আইসোলেটেড ওয়ার্ড রাখা হয়েছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন আগরতলা গভমেন্ট মেডিকেল কলেজ হাসপাতালের মাইক্রোবায়োলজি বিভাগের প্রধান ডা: তপন মজুমদার, স্বাস্থ্য অধিকর্তা ডা: দেবশ্রী দেববর্মা।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ–আই–আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে–এ এ–আই–আর–নিউজ–এলার্টস–এ। ইউ–টিউব–এ লক্ষ্য করুন নিউজ–অন–এআইআর–অফিসিয়াল–এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ–আই–আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত দেখিয়েছে যে গণতান্ত্রিক প্রতিষ্ঠান এবং গণতান্ত্রিক প্রক্রিয়া গণতন্ত্রকে স্থিতিশীলতা, গতি এবং মাত্রা প্রদান করে। আজ নতুনদিল্লির সংবিধান সদনে কমনওয়েলথের অধ্যক্ষ এবং সভাপতিত্বকারী কর্মকর্তাদের সম্মেলনে তিনি বলেন, ভারত বৈচিত্র্যকে গণতন্ত্রের শক্তিতে রূপান্তরিত করেছে এবং দ্রুততম বর্ধনশীল প্রধান অর্থনীতি হিসেবে আবির্ভূত হয়েছে।

######Byte-PM######

প্রধানমন্ত্রী বলেন সরকার কোনও বৈষম্য ছাড়াই প্রতিটি ব্যক্তির কল্যাণের চেতনা নিয়ে কাজ করছে। শ্রী মোদী উল্লেখ করেন যে গত কয়েক বছরে ভারতে প্রায় ২৫ কোটি মানুষ দারিদ্র্য থেকে বেরিয়ে এসেছেন। আজ ভারতে ইউপিআই বিশ্বের বৃহত্তম ডিজিটাল পেমেন্ট সিস্টেম।

তিনি বলেন, ভারত বিশ্বের বৃহত্তম টিকা উৎপাদনকারী এবং বিশ্বের দ্বিতীয় নম্বর ইস্পাত উৎপাদনকারী। অনুষ্ঠানে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেন যে, কৃত্রিম বুদ্ধিমত্তা এবং সামাজিক মাধ্যম গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলির দক্ষতা এবং সক্ষমতা বৃদ্ধি করেছে। তিনি আশা প্রকাশ করেন যে এই সম্মেলনে গুরুত্বপূর্ণ বৈশ্বিক বিষয়গুলি নিয়ে গভীর আলোচনা হবে এবং সুনির্দিষ্ট নীতিগত সিদ্ধান্ত নেওয়া হবে।

****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে জানুয়ারি, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে

মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৩ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

****************************

**Press Meet-Biplab Kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে জানান, গত তিন বছরে কেন্দ্রীয় সরকার তার সাংসদ তহবিলে ১৫ কোটি টাকা বরাদ্দ করেছে। তা থেকে তিনি তাঁর সাংসদ এলাকার জন্য ১৪ কোটি ৫ লক্ষ ৪৬ হাজার ৫৬৮ টাকার বিভিন্ন প্রকল্পে বরাদ্দ করেছেন। এই প্রকল্পগুলির মধ্যে রয়েছে বিভিন্ন বিদ্যালয়ে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট তৈরি, কমিউনিটি সেন্টার, মার্কেট শেড, এ্যাম্বুলেন্স কেনা, ওপেন জিম তৈরি করা। তিনি আরো জানান, লোকসভার সর্বশেষ অধিবেশনে তিনি উত্তর-পূর্ব ভারতের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে ৫৬টি প্রশ্ন উত্থাপিত করেছেন।

*****************************

**Mayor :**

আগরতলার রামনগর ১০ নম্বর রোডস্থিত আনন্দ আশ্রমে আজ থেকে শ্রী শ্রী রামঠাকুরের বাৎসরিক মহোৎসব শুরু হয়েছে। গঙ্গা আহ্বানের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। এই উপলক্ষে মন্দিরের পক্ষ থেকে কম্বল বিতরণ করা হয়। পুর মেয়র দীপক মজুমদার, সমাজসেবী অমিতাভ ভট্টাচার্য্য দুঃস্থদের হাতে কম্বল তুলে দেন। আগামী ১৮ই জানুয়ারী অনুষ্ঠান শেষ হবে।

*************************

**Left Convention-Belonia :**

বিলোনীয়ার করুণা রায় স্মৃতি ভবনে আজ বামপন্থী শ্রমিক কৃষক ফ্রন্টের উদ্যোগে গনকনভেনশন অনুষ্ঠিত হয়। বক্তব্য রাখেন সিটুর রাজ্য সম্পাদক শংকর প্রসাদ দত্ত, বিধায়ক দীপংকর সেন, প্রাক্তন বিধায়ক সুধন দাস ও বাসুদেব মজুমদার, সিটুর কেন্দ্রীয় কমিটির সদস্য তাপস দত্ত প্রমুখ।

*************************

**Press Meet-Congress :**

হাইকোর্টের রায় মেনে শিক্ষক-কর্মচারীদের স্থির বেতনের পরিবর্তে অবিলম্বে নিয়মিত বেতনক্রম দিতে প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে রাজ্য সরকারের কাছে দাবি জানানো হয়েছে। তাছাড়া কর্মচারীদের বকেয়া ডিএ প্রদানের জন্যও সরকারের কাছে দাবি জানানো হয়েছে। আজ এক সাংবাদিক সম্মেলনে প্রদেশ কংগ্রেস মুখপাত্র প্রবীর চক্রবর্তী এখবর জানান।

***************************

**Indian Army weapons displayed :**

ভারতীয় সেনাবাহিনীর প্রতি আকর্ষণ ও দেশসেবায় উদ্বুদ্ধ করতে ছাত্র ছাত্রীদের উদ্দেশ্যে ভারতীয় সেনাবাহিনীর উদ্যোগে আজ আগরতলার নরসিংগড়ের টি.আই.টি মাঠে অস্ত্রশস্ত্র প্রদর্শন করা হয়। প্রদর্শনীতে সেনাবাহিনীর ব্যবহৃত বিভিন্ন ধরনের আগ্নেয়াস্ত্র প্রদর্শন করা হয়। টি.আই.টি, ভবনস ত্রিপুরা বিদ্যামন্দির, সুখময় উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের এন.সি.সি ইউনিটের ছাত্র ছাত্রীরা প্রবল উৎসাহের সঙ্গে আগ্নেয়াস্ত্রগুলো দেখে ও সেগুলো হাতে নিয়ে কি করে চালনা করতে হয় সেনা জওয়ানদের তত্বাবধানে সে বিষয়ে অবহিত হয়। অস্ত্রশস্ত্রগুলোর মধ্যে ছিল অত্যাধুনিক স্নাইপার রাইফেল, ড্রোন ইন্টারসেপটর, এন্টি ট্যাংক মিসাইল লঞ্চার ইত্যাদি।

*****************************

**Arsia Das :**

রাজ্যের সোনার মেয়ে অর্শিয়া দাস মহিলা আন্তর্জাতিক মাস্টার হওয়ার পথে আরো এক ধাপ এগিয়ে গেলো। সার্বিয়াতে দ্বাদশ গ্র্যান্ড মাস্টার মিক্সড দাবা প্রতিযোগিতায় অর্শিয়া ৯ রাউন্ডে সাড়ে চার পয়েন্ট সংগ্রহ করে মহিলা আন্তর্জাতিক মাস্টারের দ্বিতীয় নর্ম পায়। আর একটি নর্ম পেলেই উত্তরপূর্ব-এর প্রথম দাবাড়ু হিসেবে মহিলা আন্তর্জাতিক মাস্টার হয়ে যাবে।

উল্লেখ্য মহিলা আন্তর্জাতিক মাস্টার হতে তিনটি নর্ম অর্জন করতে হয়। অর্শিয়ার দুটি নর্ম চূড়ান্ত হয়েছে।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

***************************